

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
উপজলো সমবায় কাযলয়, সদর, লালমনরিহাট  
<http://coop.sadar.lalmonirhat.gov.bd>

**সেবাসমূহ**

সমবায় অধিদপ্তরের সেবা ও দায়িত্বসমূহ নিম্নরূপে বিভাজন করা হয়েছে:

কাজের ধরণ	কার্যক্রম
বিধিবদ্ধ	০১. নিবন্ধন প্রদান। ০২. উপ-আইন সংশোধন ০৩. অকার্যকর সমিতি অবসায়ন ও বাতিল। ০৪. বার্ষিক নিরীক্ষা সম্পাদন। ০৫. নিবন্ধিত সমবায় সমিতিসমূহ পরিদর্শন। ০৬. প্রয়োজনীয় তদন্ত কার্য সম্পাদন।
আধা-বিচারিক	০১. বিরোধ মামলা নিষ্পত্তি।
উন্নয়নমূলক	০১. ব্যবস্থাপনা ও ব্যবসায়িক উন্নয়নে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান। ০২. আত্ম-কর্মসংস্থানে সহযোগিতা প্রদান। ০৩. সমবায় সমিতি পরিচালনায় পরামর্শ প্রদান।
সম্প্রসারণমূলক	০১. সমবায় আইন ও বিধি মোতাবেক সমবায় সমিতি গঠন, নিবন্ধন ও তত্ত্বাবধান করা। ০২. নিবন্ধিত সমবায় সমিতির নিরীক্ষা ও পরিদর্শনের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিত করা। ০৩. সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা। ০৪. সমবায় আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে সমবায়ের প্রচার ও প্রকাশনা এবং সেমিনার ও কর্মশালার আয়োজন করা। ০৫. সমবায় ভিত্তিক উন্নয়ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা। ০৬. ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে সমবায় ভিত্তিক ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন, সমবায়ী কৃষি খামার সৃষ্টি, দুগ্ধ ও অন্যান্য সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা এবং উদ্যোক্তা সৃষ্টি করা। ০৭. সমবায় কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন। ০৮. সমবায় বাজার প্রতিষ্ঠার মাধ্যমে সমবায়ী পণ্য বাজারজাতকরণে সহযোগিতা করা।
প্রশাসনিক সেবা	ক) আনুতোষিক, পেনশন ও পারিবারিক পেনশন খ) বিভিন্ন ছুটি ও শ্রান্তি বিনোদন ভাতা গ) জিপিএফ ও কল্যাণ তহবিল ঘ) বেতনভাতা ও অন্যান্য ভাতা ঙ) বার্ষিক গোপনীয় অনুবেদন চ) কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ছ) তথ্য অধিকার সংক্রান্ত জ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা